**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল শিল্প ও সংস্কৃতির সংগঠন খুলতে নজিরবিহীন 150 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল তহবিল সুযোগ ঘোষণা করলেন

## *এর মধ্যে রয়েছে বড় ক্যাপিটাল প্রকল্পের জন্য অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট আর্টস কাউন্সিলের (New York State Council on the Arts, NYSCA) ক্যাপিটাল প্রকল্পের তহবিলের মাধ্যমে শিল্প ও সংস্কৃতির সংগঠনের জন্য রেকর্ড 150 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল তহবিল উপলভ্য করা হবে। তহবিলের দুটি বিভাগ রয়েছে: ক্ষুদ্র ও মধ্যম আকারের ক্যাপিটাল উন্নয়ন অনুদান এবং বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান। নজিরবিহীন এই বিনিয়োগের মধ্যে রয়েছে 100 মিলিয়ন মার্কিন ডলার নতুন, বহু বছরের তহবিল যা সম্প্রদায়ের বিকাশ ও প্লেসমেকিংকে অগ্রাধিকার প্রদান করে এমন বড় আকারের ক্যাপিটাল প্রকল্পসমূহ সম্ভব করবে। এটি শিল্পের ক্যাপিটাল প্রকল্পের জন্য NYSCA-র প্রতি স্টেটের সর্ববৃহৎ প্রতিশ্রুতি, যা অর্থবছর 2023 বাজেটে ইতিমধ্যে থাকা শিল্পের জন্য রেকর্ড তহবিলের অনুবর্তী। গভর্নর হোকল আজকে সন্ধ্যায় কার্নেগি হল 2022-2023 মৌসুমের উদ্বোধনীতে শিল্পের সমর্থনে তার প্রতিশ্রুতি নিয়ে আরো আলোচনা করবেন।

"নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলি আমাদের অর্থনৈতিক সুস্থতাকে জোরদার করে, আমাদের বৈচিত্র্য ও পরিচয়কে লালন করে এবং আমাদের সম্প্রদায়সমূহকে সমর্থন করে," **গভর্নর হোকল বলেন।** "NYSCA-র জন্য এই রেকর্ড পরিমাণ স্টেট তহবিল ব্যাপক ব্যাপ্তির সংগঠনকে অতি প্রয়োজনীয় উন্নয়ন প্রকল্প হাতে নিতে দিবে, যাতে করে তারা নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধ সাংস্কৃতিক অভিজ্ঞতা প্রদান করে যেতে পারে এবং অর্থনৈতিক ও সম্প্রদায়ের নোঙ্গর হিসেবে তাদের ভূমিকা অগ্রসর করতে পারে।"

NYSCA-র ক্যাপিটাল প্রকল্পের তহবিলের মনোযোগ থাকবে সেইসব সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে সমর্থন করা যারা ক্যাপিটাল উন্নয়নের জন্য স্টেটের তহবিল খুঁজছে যা সংগঠনগুলিকে বৈচিত্র্যময় দর্শকের জন্য সাংস্কৃতিক কর্মসূচি টেকসই ও সম্প্রসারণ করতে দিবে, অ্যাক্সেসিবিলিটি এবং পরিবেশগতভাবে টেকসই হওয়ার প্রকার করবে, চাকরি সংরক্ষণ ও তৈরি করবে, এবং পরিণামে নিউ ইয়র্কের শিল্প ও পর্যটন খাতের বিকাশে অবদান রাখবে।

সুযোগ দুটি হলো:

- **শিল্প ও সংস্কৃতির জন্য ক্ষুদ্র ও মধ্যম আকারের ক্যাপিটাল উন্নয়ন অনুদান** এই সুযোগটি যেকোনো আকারের প্রকল্পকে অনুদান প্রদান করে, যাতে অনুদানের পরিমাণ 2 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত হতে পারে, যা অ্যাক্সেসিবিলিটি, স্বাস্থ্য এবং নিরাপত্তা এবং অবকাঠামোগত এবং ঐতিহাসিক উন্নয়নকে প্রাধান্য দেবে। শক্তিশালী প্রকল্প নকশায় পারদর্শিতার সাথে সাংগঠনিক ক্ষমতা সম্পর্কিত জ্ঞাত সিদ্ধান্ত এবং সম্প্রদায়ের চাহিদাকে একীভূত করে যা নিউ ইয়র্ক জুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহের ভবিষ্যতকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে।
- **শিল্প ও সংস্কৃতির জন্য বড় ক্যাপিটাল উন্নয়ন অনুদান** এই বহু-বার্ষিক সুযোগ স্টেটজুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংগঠনসমূহ যেগুলি কার্যকর, বৃহৎ-আকারের ক্যাপিটাল উন্নয়ন প্রকল্প হাতে নিচ্ছে তাদের সহায়তা করবে। অনুদান 2 মিলিয়ন মার্কিন ডলার থেকে শুরু করে 10 মিলিয়ন মার্কিন ডলার হবে ঐসব প্রকল্পের জন্য যাদের মোট খরচ 4 মিলিয়ন মার্কিন ডলার বা তার অধিক। অনুদান সংগঠনগুলিকে সাংস্কৃতিক প্রকল্প সম্প্রসারণের মাধ্যমে নতুন এবং বৈচিত্র্যময় শ্রোতা পর্যন্ত পৌঁছানো এবং অ্যাক্সেসিবিলিটি প্রচার করার মাধ্যমে বেড়ে উঠতে সহায়তা করবে। এই অনুদানগুলি স্টেটের বৈচিত্র্যময়তা, সমতা এবং অন্তর্ভুক্তকরণের লক্ষ্যগুলিকে অগ্রসর করতে সহায়তা করবে এবং সকল আবেদনকারীর জন্য সামাজিক সমতা উদ্যোগ এবং সকল নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে এমন অ্যাক্সেস পরিকল্পনায় প্রতিশ্রুতি প্রদান বাধ্যতামূলক হবে।

এই সুযোগগুলির জন্য আবেদন পোর্টাল 30 সেপ্টেম্বর, 2022, শুক্রবার থেকে খোলা থাকবে এবং NYSCA এর ওয়েবসাইট arts.ny.gov থেকে প্রবেশ করা যাবে। নিউ ইয়র্ক স্টেটের সকল যোগ্য অলাভজনক সাংস্কৃতিক সংস্থাকে NYSCA এর ক্যাপিটাল প্রোজেক্ট ফান্ডের জন্য আবেদন করতে উৎসাহ দেওয়া হচ্ছে। NYSCA আবেদন প্রক্রিয়া সম্পর্কে ওয়েবিনারের আয়োজন করবে এবং আবেদনকারীদের জন্য 12 জানুয়ারি, 2023 এর সময়সীমার পূর্বে এক-এক সহায়তা লাভের জন্য একাধিক ভার্চুয়াল অফিস সেশনের আয়োজন করবে।

2018 থেকে, গভর্নর ও আইনসভার সমর্থনের মাধ্যমে NYSCA 204টি ক্যাপিটাল অনুদান হিসেবে 10টি স্টেট অঞ্চলজুড়ে মোট 50 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। এই প্রকল্পগুলি চাকরিদানের সক্ষমতা বৃদ্ধি করে এবং পর্যটন গন্তব্য হিসেবে সাংস্কৃতিক ভেন্যুগুলিকে অগ্রসর করে, নিউ ইয়র্কের আতিথেয়তা, খাদ্য ও পানীয়, এবং খুচরা বিক্রয় খাতকে জোরদার করে।

ক্যাপিটাল প্রকল্পের তহবিলের পাশাপাশি, NYSCA শিল্প সংগঠন এবং শিল্পীদের 90 মিলিয়ন মার্কিন ডলার নন-ক্যাপিটাল অনুদান প্রদান করবে। এই অনুদানের প্রাপকদের নাম এই ক্যালেন্ডার বছর শেষ হওয়ার পূর্বে ঘোষণা করা হবে।

**নিউ ইয়র্ক স্টেট আর্টস কাউন্সিলের নির্বাহী পরিচালক মারা মানুস বলেন,** "নিউ ইয়র্কের শক্তিশালী সৃজনশীল অর্থনীতি বৈশ্বিক সাংস্কৃতিক নেতা হিসেবে আমাদের স্টেটের পুনরুদ্ধারের একটি অতি গুরুত্বপূর্ণ চালক। আমরা গভর্নর হোকল এবং স্টেটের আইনসভার প্রতি অত্যন্ত

কৃতজ্ঞ 2023 অর্থবছরে NYSCA-র জন্য এই নজিরবিহীন 150 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিলের জন্য, এইসব প্রকল্প আমাদের অর্থনীতিতে, স্থানীয় ইকোলোজিতে এবং সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের জন্য যে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তার স্বীকৃতি প্রদানের জন্য।"

**নিউ ইয়র্ক স্টেট আর্টস কাউন্সিলের সভানেত্রী ক্যাথেরিন নিকলস বলেন,** "নিউ ইয়র্ক স্টেটজুড়ে শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলির জন্য এই সুযোগের ব্যবস্থা করতে পেরে NYSCA তে আমরা গর্বিত। ক্যাপিটাল অনুদান একটি সংস্থা এবং তাদের সম্প্রদায়ের জন্য একটি রূপান্তরমূলক সুযোগ - এই প্রকল্পগুলি কর্মসংস্থানকে জোরদার করে, সাংস্কৃতিক অনুষ্ঠানস্থলগুলিকে ট্যুরিজম গন্তব্য হিসাবে অগ্রসর করে এবং আমাদের আতিথেয়তা, খাদ্য এবং খুচরা বিক্রয় খাতকে শক্তিশালী করে। NYSCA কর্মী, কাউন্সিল এবং আমাদের শিল্প ও সংস্কৃতি সম্প্রদায়ের পক্ষ থেকে আমি 2023 অর্থবছরের ক্যাপিটাল অনুদানের এই ঐতিহাসিক 150 মিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে তাদের নিউ ইয়র্কের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলির প্রতি তাদের অটল সমর্থনের জন্য গভর্নর হোকল এবং আমাদের স্টেটের বিধানসভাকে ধন্যবাদ জানাতে চাই। এই বিনিয়োগ আমাদের খাতের ভবিষ্যৎ এবং আমাদের স্টেটের সাংস্কৃতিক ধনগুলিকে বৃদ্ধি পেতে এবং সচল থাকা নিশ্চিত করবে।"

**স্টেটের সিনেটর হোজে সেরানো বলেন,** "আমি অত্যন্ত আনন্দিত যে এই 150 মিলিয়ন মার্কিন ডলার ঐসব এলাকার সাংস্কৃতিক কেন্দ্রের জন্য উপলভ্য থাকবে যা আমাদের সম্প্রদায়গুলিকে শিক্ষিত, সংযুক্ত এবং উৎসাহিত করে। আমাদের স্টেটের অব্যাহত উন্নতি এবং সুস্বাস্থ্যের জন্য সকল নিউ ইয়র্কবাসীর জন্য শিল্প অ্যাক্সেসিবল রাখা অত্যাবশ্যকীয়।"

**সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন,** "বিশ্বের বিভিন্ন স্থান থেকে মিলিয়ন মিলিয়ন মানুষ নিউ ইয়র্কের সংস্কৃতি উপভোগ করতে আসে। আমাদের বিশ্ব-নন্দিত সাংস্কৃতিক সংগঠনগুলি আমাদের শহর এবং স্টেটের অর্থনীতির প্রধান চালকগুলির একটি এবং এই খাতকে বৃদ্ধি করা অব্যাহত রাখতে আমাদের ঐসব সংগঠনে বিনিয়োগ করতে হবে। গভর্নর হোকল আজকে যে ঐতিহাসিক অনুদান ঘোষণা করছেন তা সমর্থন করতে পেরে আমি গর্বিত, যা শিল্পের অ্যাক্সেসিবিলিটি এবং টেকসইতা বৃদ্ধি করে, বৃদ্ধি এবং প্রভাবকে সমর্থন করে এবং নিউ ইয়র্কবাসীদের ভবিষ্যৎ প্রজন্মকে উৎসাহিত করবে।"

**অ্যাসেম্বলিসদস্য ড্যানিয়েল ও'ডনেল বলেন,**"শিল্প নিউ ইয়র্কের জন্য অত্যাবশ্যকীয়। শিল্প কেবল আমাদের স্টেটের প্রতিটি সম্প্রদায়ের কেন্দ্রস্থলই নয়, বরং তা অর্থনৈতিক চালিকা শক্তি যা চাকরি তৈরি করে, কার্যক্রমকে চালিত করে জীবনকে উন্নত করে। গত কয়েক বছর ধরে, শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলি চ্যালেঞ্জের পর চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং এদের অনেকে এখনো ভুগছে। সময় হয়েছে নিউ ইয়র্ক স্টেটে একটি শৈল্পিক রেনেসাঁর। আমি উদ্বেলিত যে নিউ ইয়র্ক স্টেট এগিয়ে আসছে এবং বর্ধিত ক্যাপিটাল অনুদানের মাধ্যমে শিল্পের জন্য সমর্থন প্রদান করছে, যা আমাদের শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলিকে আসন্ন বহু বছরের জন্য সাফল্য লাভের জন্য প্রস্তুত করবে।"

**অ্যাসেম্বলিসদস্য রিচার্ড গটফ্রিড বলেন,** "এই রেকর্ড পরিমাণ অনুদান নিউ ইয়র্ক স্টেটের শিল্প, অর্থনীতি এবং সঞ্জীবনীর প্রতি একটি বিনিয়োগ।আমাদের সাংস্কৃতিক সংগঠনগুলি

আমাদের চরিত্র এবং আত্মার একটি মূল অংশ।গভর্নর হোকল এবং বিধানসভার পক্ষ থেকে এই অভাবনীয় বিনিয়োগের মাধ্যমে, আমরা আমাদের কমিউনিটিগুলিতে, শহরে এবং আমাদের স্টেটে শিল্প যে পরিমাপযোগ্য সুবিধা প্রদান করে তা বৃদ্ধি করবো।"

**নিউ ইয়র্ক স্টেটের শিল্প পরিষদের ব্যাপারে**

নিউ ইয়র্ক স্টেট শিল্প পরিষদের সেইসব শিল্প-সংস্কৃতি সংরক্ষণ ও উন্নয়ন করে যেগুলি বসবাস, কাজ ও বেড়ানোর জন্য নিউ ইয়র্ককে একটি অনন্য স্থান করে তোলে। কাউন্সিল সকল নিউ ইয়র্কবাসীর শিল্প অভিজ্ঞতা লাভের অধিকার রক্ষা করে যা আমাদের সম্প্রদায়, শিক্ষা, অর্থনৈতিক বিকাশ ও জীবনযাত্রার মানে অতি জরুরি অবদান রাখে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে শিল্পকে সমর্থন করতে, শিল্প কাউন্সিল 2023 অর্থবছরের জন্য রেকর্ড পরিমাণ তহবিল প্রদান করবে, যা শিল্পএর সম্পূর্ণ পরিব্যপ্তি জুড়ে সমর্থন প্রদান করবে, যার মধ্যে শিল্প শিক্ষা এবং স্বল্প প্রতিনিধিত্ব সম্পন্ন কমিউনিটির জন্য নির্ধারিত সহায়তা অন্তর্ভুক্ত থাকবে।

নিউ ইয়র্কের সৃজনশীল সংস্কৃতিকে আরও এগিয়ে নিয়ে যেতে আর্ট কাউন্সিল নেতৃত্বের জন্য আরও লোক নিয়োগ করে সাংগঠনিক ও পেশাদার উন্নয়নের পথ প্রশস্ত করে তথ্য সম্পদকে আরও সমৃদ্ধ করছে। 1960 সালে গভর্নর নেলসন রকফেলার দ্বারা তৈরি করা এবং গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসভার সমর্থনে অব্যাহত থাকা এই কাউন্সিল হল একটি এজেন্সি যা নির্বাহী শাখার অংশ। NYSCA সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে http://www.arts.ny.gov এ যান, এবং NYSCA-এর ফেসবুক (Facebook) পৃষ্ঠা, টুইটার (Twitter) @NYSCArts এবং ইন্সটাগ্রাম (Instagram) @NYSCouncilontheArts ফলো করুন৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418